

২৫/১২/১৬
AP-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি


নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০১১.২০১৫/৬১৪

তারিখ : ১৫.১২.২০১৬খ্রি.

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৩৪তম বিসিএস এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু ক্যাডার এবং নন-ক্যাডার প্রথম শ্রেণির পদে সুপারিশপ্রাপ্ত নন এমন প্রার্থীদের নন-ক্যাডার দ্বিতীয় শ্রেণির পদে নিয়োগের লক্ষ্যে ০৮/০৮/২০১৬ খ্রি. তারিখে জারিকৃত প্রেস বিজ্ঞপ্তিতে তথ্য বিভ্রাট/প্রশাসনিক কারণে ০৫ জন প্রার্থীর ফলাফল কমিশন কর্তৃক স্থগিত রাখা হয়েছে। উক্ত ০৫ জন প্রার্থীকে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী কমিশন কর্তৃক গঠিত কমিটির নিকট যথাযথ কাগজপত্রসহ কর্ম কমিশনের আগারগাঁও, শেরে বাংলা নগরস্থ প্রধান কার্যালয়ে (৭ম তলা, কক্ষ নং- ৬৩৬) উপস্থিত হতে অনুরোধ করা হলো :

কমিটির নিকট উপস্থিত হওয়ার তারিখ ও সময়	স্থগিতকৃত প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর
২৮.১২.২০১৬খ্রি. সকাল-১১.০০ ঘটিকা	রেজিঃ নম্বর- ০৩৫৪১৫, ০৪৭৯১৫, ০৫২৯২১, ০২২৬৫৯ এবং ১২৪০৪১ = ০৫ জন।

২. উল্লেখ্য, প্রার্থীদের নামে বিস্তারিত বর্ণনাসহ তাদের ঠিকানায় ডাকযোগে চিঠি প্রেরণ করা হয়েছে এবং কমিশনের ওয়েব সাইট-এ দেয়া হয়েছে। নির্ধারিত তারিখে উল্লিখিত কাগজপত্রসহ কমিটির নিকট উপস্থিত হতে ব্যর্থ হলে তার প্রার্থিতার বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



(আ.ই.ম নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০১১.২০১৫

তারিখ : ১২.২০১৬খ্রি.

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সকল দৈনিক সংবাদপত্রে জরুরি ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)। প্রেস বিজ্ঞপ্তির ৪ টি অতিরিক্ত কপি সংযুক্ত করা হলো।
২. মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা। (বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)।
৩. বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা। (বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)।
৪. বার্তা সম্পাদক,
বিষয়টি আপনার চ্যানেল-এ মূল নিউজ হিসেবে বারবার প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (কমিশন ওয়েবসাইট-এ প্রেস বিজ্ঞপ্তিটি আপলোড করার জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
৬. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (তাকে প্রেস বিজ্ঞপ্তিটি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।


(আ.ই.ম নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক(ক্যাডার)